ভোরের কাগজ
ঢাকা ■ সোমবার ■ ১৪ আগস্ট ২০১৭



স্কলাসটিকা স্কুলের ৪০ বছরপূর্তি উদযাপন উপলক্ষে গতকাল মিরপুর শাখার এসটিএম মিলনায়তনে আয়োজিত তিনদিনের সম্মেলনের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের শিক্ষার্থী এবং অতিথিদের সঙ্গে আইপিইউ সভাপতি সাবের হোসেন চৌধুরী –ভোরের কাগজ

স্কলাসটিকায় ৩ দিনব্যাপী জাতিসংঘ মডেলের সমাপনী

# শান্তি ও সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে দেশ : সাবের চৌধুরী

**কাগজ প্রতিবেদক :** স্কলাসটিকার মিরপুর শাখার তিন দিনব্যাপী জাতিসংঘ মডেল সম্মেলন-২০১৭ শেষ হয়েছে। স্কুলের এসটিএম মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে সম্মেলনের সমাপনী ঘোষণা করা হয়। ‘বৈচিত্র্যের মাঝে ঐক্য’ শিরোনামের এ সম্মেলনে সারাদেশের ৬৪টি স্কুলের ৫৪৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছে।

গতকাল রোববার বিকেলে স্কলাসটিকার ৪০ বছরপূর্তি উদযাপনের অংশ হিসেবে আয়োজিত এ সম্মেলনের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) সভাপতি সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, জাতিসংঘ হলো জনগণের সংগঠন। এটি কোনো রাষ্ট্র বা সরকারি সংগঠন নয়। তাই তারা যা কিছু করে সেগুলোর কেন্দ্রে থাকে জনগণের কল্যাণ। সাবের হোসেন চৌধুরী স্কলাসটিকার শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আজকের বাংলাদেশ যেভাবে এগোচ্ছে তাতে তোমরা হয়ত একদিন এদেশে কেউ এমপি, মন্ত্রী এবং প্রধানমন্ত্রী হবে। তিনি বাংলাদেশের অগ্রগতি সম্পর্কে আরো বলেন, তথ্যপ্রযুক্তির মাধ্যমে আজ বিশ্বের এক প্রান্তে বসে অন্য প্রান্তের সবকিছু দেখা যাচ্ছে। ফাইভ পি’র (প্রসপারিটি বা উন্নয়ন, পিপল বা জনগণ, প্ল্যানেট বা পৃথিবী, পিস বা শান্তি, এবং পার্টনারশিপ বা অংশীদারিত্ব) ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেন, আজ জনগণের অংশগ্রহণ ও পরিকল্পনার মাধ্যমে শান্তি এবং সমৃদ্ধি পরিলক্ষিত হচ্ছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব পিস

➤ এরপর-পৃষ্ঠা ৭ কলাম ৬

## শান্তি ও সমৃদ্ধির পথে

● শেষের পাতার পর

সাপোর্ট অপারেশন ট্রেনিং (বিপসট) ডেপুটি কমান্ডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল এ এফ এম জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন সিনিয়ির ভাইস প্রিন্সিপাল ফারাহ সোফিয়া আহমেদ, সম্মেলনের সভাপতি এ এস এম রেদওয়ান হায়দার এবং আন্তর্জাতিক কমিটির চেয়ারম্যান অরুন মির্জা।

সম্মেলনে আলোচ্য সূচির মধ্যে ছিল অনার কিলিংয়ের মতো অসুস্থ ব্যবস্থার মোকাবিলা করা, মন্দা প্রতিরোধে আন্তর্জাতিক অর্থনৈতিক নীতিমালা সংশোধন, অ্যানেস্থেসিয়া ও আত্মহত্যায় সহায়তার বৈধতা দান এবং মানব পাচার ও অভিবাসী প্রতিরোধ এবং এসকর্ট শিল্পের বৈধতা প্রধান। জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এ উপলক্ষে দেয়া এক বাণীতে বলেন, বিশ্বজুড়ে আজ আমরা পরস্পরের সঙ্গে যুক্ত। সবাই সংঘাত, পরিবেশ বিপর্যয়, দারিদ্র্য ও অন্যায়ের শিকার। তাই আমাদের সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা লাঘবের জন্য কাজ করতে হবে।

স্কলাসটিকা মডেল ইউনাইটেড নেশন ক্লাবের উদ্যোগে তিন দিনের এ সম্মেলনে আলোচ্য বিষয়ের ওপর সাধারণ বক্তৃতা, বিতর্ক, কূটনৈতিক ও সমালোচনামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। স্কলাসটিকা ও ১০টি ক্যাডেট কলেজ ছাড়াও এতে অংশগ্রহণকারী স্কুলগুলোর মধ্যে রয়েছে, সানিডেল, সানবিম, আগা খান, নটরডেম, ভিকারুন নিসা নূন, রাজউক উত্তরা মডেল কলেজ, আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ইন্টারন্যাশনাল তুর্কিস হোপ ও চিটাগাং গ্রামার স্কুল। গত শুক্রবার এ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাতিসংঘে বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি ড. এ কে আবদুল মোমেন এবং বিশেষ অতিথি ছিলেন স্কলাসটিকার ব্যবস্থপনা পরিচালক সৈয়দা মাদিহা মোরশেদ।